

অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম-কে বিশ্ববিদ্যালয়ের পক্ষে থেকে শুভেচ্ছা ও অভিনন্দন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি ও সিন্ডিকেট সদস্য অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম সম্প্রতি 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর চেয়ারম্যান পদে নিয়োগ পাওয়ায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে ২ সেপ্টেম্বর-২০২০, বুধবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, পরিচালক (অর্থ ও হিসাব) কাজী মোঃ নাসির উদ্দীন প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিভাগের অধ্যাপক।